




বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়
টাঙ্গাইল(দক্ষিণ)
ফোনঃ ০৯২১-৫১৩০৯

crmtangailsouth@krishibank.org.bd



অক্টোবর/২০২০ হতে ডিসেম্বর/২০২০ সময়কালের ২য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি : জনাব কে. এম. হাবিব-উন-নবী, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুঃআঃকাঃ টাঙ্গাইল (দঃ)
সভার তারিখ ও সময় : ২৪ ডিসেম্বর, ২০২০, সময়: বিকাল ৩.০০ টা।
সভার স্থান : বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাঙ্গাইল (দঃ)
সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা : পরিশিষ্ট “ক” অনুযায়ী।

সভার শুরুতে সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তবে নতুন অর্থবছরের ২য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী গৃহীত সকল কার্যক্রম দায়সারাভাবে সম্পাদন না করে অত্র কার্যালয়সহ সকল শাখায় প্রকৃত অর্থেই শুদ্ধাচার চর্চা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করার জন্য আহ্বান জানান।

০২। সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অক্টোবর/২০২০ হতে ডিসেম্বর/২০২০ সময়কালের ২য় প্রান্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার উদ্দেশ্যে উপস্থাপন করেন।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

- ৩.১। শাখা কার্যালয়ের অভিযোগ বাস্তব নিয়মিত পরীক্ষা করে গ্রাহকের কোন অভিযোগ পাওয়া গেলে অত্র কার্যালয় কর্তৃক দ্রুত সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।
- ৩.২। ব্যাংকের কর্ম-পরিকল্পনা মোতাবেক আগামী ফেব্রুয়ারী/২০২১ এর মধ্যে অত্র মুখ্য অঞ্চলাধীন সকল শাখা অনলাইন ব্যাংকিং সেবার আওতায় আনার জন্য বিকেবি, প্রধান কার্যালয়ের আইসিটি অপারেশন বিভাগ এবং আইসিটি সিস্টেমস, মোবাইল ব্যাংকিং ও কার্ড বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৩.৩। বাংলাদেশ কৃষি ব্যাংক এর হিসাব ম্যানুয়াল, ঋণ ম্যানুয়াল ও পরিপত্রসমূহ যথাযথভাবে প্রয়োগ করে বাস্তবায়ন করতে হবে।
- ৩.৪। ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণে স্বচ্ছতা ও দ্রুততা নিশ্চিত করার জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়াল-২০১৮, ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালা-২০১৮ এবং শাখা ব্যবস্থাপকদের ব্যবসায়িক ও ঋণ নবায়ন ক্ষমতা সংক্রান্ত সার্কুলার যথাযথভাবে অনুসরণ করে ঋণ প্রদান করতে হবে।
- ৩.৫। সামাজিক নিরাপত্তার আওতায় বিভিন্ন ভাতা/কর্মসূচীসমূহ সঠিকভাবে ও নৈতিকতার সাথে পরিপালন করে পালন করে বরাদ্দকৃত অর্থ স্ব স্ব হিসাবে বন্টন করতে হবে।
- ৩.৬। গ্রাহক সেবা বিষয়ক শাখা/কার্যালয়ে গণশুনানি/গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে।
- ৩.৭। শাখা/কার্যালয়ে বরাদ্দকৃত বাজেটের সদ্যবহার নিশ্চিত করতে হবে।
- ৩.৮। নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ শাখা ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তা/কর্মচারীগণের মাধ্যমে শতভাগ বাস্তবায়ন করতে হবে।
- ৩.৯। উপরোক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ৩য় ত্রৈমাসিক/প্রান্তিকের (জানুয়ারী/২০২১ হতে মার্চ/২০২১) নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।


২৪/১২/২০
(কে.এম. হাবিব-উন-নবী)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

ও


সভার সভাপতি

মুঃআঃকাঃটাং(দঃ)পরি-৬৮/২০২০-২০২১/২৫৮৫

তারিখঃ ২৪/১২/২০২০ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
- ০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, টাঙ্গাইল(দক্ষিণ)।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য অঞ্চল টাঙ্গাইল (দক্ষিণ)।
- ০৬। অফিস নথি।


২৪/১২/২০
(ফরিদা ইয়াসমিন)
কর্মকর্তা



বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়

টাঙ্গাইল(দক্ষিণ)

ফোনঃ ০৯২১-৫১৩০৯

crmtangailsouth@krishibank.org.bd



অক্টোবর/২০২০ হতে ডিসেম্বর/২০২০ সময়কালের ২য় প্রাপ্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার হাজিরা

তারিখঃ ২৪/১২/২০২০ খ্রিঃ

স্থানঃ বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাঙ্গাইল (দঃ)

ক্রম	উপস্থিত সদস্যের নাম	পদবী	কমিটির পদবী	স্বাক্ষর
০১	জনাব কে.এম. হাবিব-উন-নবী	মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাঙ্গাইল (দঃ)	সভাপতি	
০২	জনাব মোঃ শাহীন খান	আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, টাঙ্গাইল (দঃ)	সদস্য	
০৩	জনাব সেলিনা আক্তার	উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাঙ্গাইল (দঃ)	সদস্য	
০৪	জনাব মোঃ তারিকুল ইসলাম	ব্যবস্থাপক (সমব্য) টাঙ্গাইল শাখা	সদস্য	
০৫	জনাব ফরিদা ইয়াসমিন	কর্মকর্তা মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাঙ্গাইল (দঃ)	ফোকাল পয়েন্ট কর্মকর্তা	